

১৫-১৫-০৩-০০০০-০১৭-৩৮-০ ৪.১৭.১৫১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ বেতার সদর দপ্তর  
৩১, সৈয়দ মাহবুব মোরশেদ সরণি  
শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।  
[www.betar.gov.bd](http://www.betar.gov.bd)

জরুরী

তারিখ: ০৬/০৬/২০১৬

বিষয়: আকাস উদ্দীন আন্তর্জাতিক ভাওয়াইয়া উৎসব ২০১৮ এর উদ্বোধন অনুষ্ঠান বাংলাদেশ বেতার রংপুর কেন্দ্রের এফ.এম ১০৫.৬ মেগাহার্জে সরাসরি সম্প্রচার।

সূত্র: বাংলাদেশ বেতার রংপুর কেন্দ্রের ০৬/০৩/২০১৮ তারিখের পত্র নং ১৫.৫৩.৮৫০০.১০৫.৭৭.০০১.১৭-৪৫।

ই পর্যুক্ত বিষয় ও সূত্রানুসারে আগামী ০৮ মার্চ ২০১৮ তারিখ বৃহস্পতিবার পাবলিক লাইব্রেরী মাঠ, রংপুর-এ অনুষ্ঠেয় আকাস উদ্দীন আন্তর্জাতিক ভাওয়াইয়া উৎসব ২০১৮ এর উদ্বোধন অনুষ্ঠানে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আসাদুজ্জামান নূর এম এ উপস্থিত থাকবেন। উক্ত অনুষ্ঠান সন্ধ্যা ৬টা ২০মিনিট থেকে সন্ধ্যা ৭টা ২০মিনিট পর্যন্ত বিটিসিএল লাইনের মাধ্যমে বাংলাদেশ বেতার রংপুর কেন্দ্র থেকে এফ.এম ১০৫.৬ মেগাহার্জে সরাসরি সম্প্রচার হবে।

- ২। অনুষ্ঠানটি সরাসরি সম্প্রচারের জন্য সংশ্লিষ্ট ট্রান্সমিটারটি চালু না থাকলে অনুষ্ঠান শুরু ১৫ মিনিট পূর্বে চালু হয়ে অনুষ্ঠান প্রচার শেষে বিরত হবে/নিজস্ব কর্মধারায় ফিরে যাবে।
- ৩। অনুষ্ঠানটি সরাসরি সম্প্রচারকালীন উল্লিখিত ফ্রিকোয়েন্সির পূর্ব নির্ধারিত অনুষ্ঠান প্রচার বন্ধ থাকবে।
- ৪। উল্লিখিত অনুষ্ঠান পাবলিক লাইব্রেরী মাঠ, রংপুর থেকে সরাসরি সম্প্রচারের জন্য আঞ্চলিক প্রকৌশলী, বাংলাদেশ বেতার খুলনা টেলিফোন লাইন বুকিং যাবতীয় প্রকৌশল ব্যবস্থা গ্রহণ করবেন। টেলিফোন সংযোগের ব্যয়ভার আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার রংপুর গ্রহণ করবেন।
- ৫। অনুষ্ঠানটি সরাসরি সম্প্রচারের বিষয়ে শ্রোতাদের পূর্বাঙ্কে অবহিত করার জন্য আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার রংপুর উল্লিখিত অনুষ্ঠান সম্প্রচারিত ঘোষণা ও প্রমো প্রচার এবং রংপুর কেন্দ্রের ফেইসবুক পেইজ-এ সংক্রান্ত পোস্ট প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
- ৬। উক্ত অনুষ্ঠানে ফিলার প্রচারের প্রয়োজন হলে সেক্ষেত্রে অনুমোদিত সংগীত/গানের তালিকা অনুসরণের জন্য সংশ্লিষ্ট কেন্দ্রের উপস্থাপনা শাখাকে নির্দেশনা প্রদান করা হলো।
- ৭। অনুষ্ঠানটি সূষ্ঠাভাবে প্রচারের জন্য আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার রংপুর সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের পূর্বাঙ্কে দায়িত্ব অর্পণ এবং অনুষ্ঠান সম্প্রচার গ্রহণ করবেন।
- ৮। আঞ্চলিক/উপ-বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার রংপুর উক্ত অনুষ্ঠান বিষয়ে প্রতিবেদন স্থানীয় সংবাদে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
- ৯। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার রংপুর-পূর্বাঙ্কে এ সংক্রান্ত প্রেস বিজ্ঞপ্তি প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
- ১০। উক্ত অনুষ্ঠান সূষ্ঠাভাবে প্রচারের লক্ষ্যে অনুষ্ঠান শুরু ২ ঘন্টা পূর্বে পাবলিক লাইব্রেরী মাঠ, রংপুর-এ উপস্থিত থেকে সরাসরি সম্প্রচারের সকল প্রস্তুতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বাংলাদেশ বেতার রংপুর কেন্দ্রের সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের নির্দেশনা প্রদান করা হইবে।

আকাস উদ্দীন আহমেদ  
উপ-মহাপরিচালক, অনুষ্ঠান  
ফোন: ০২-৪৪৮১৩০৬৭  
মহাপরিচালকের পক্ষে

বিতরণ: কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)-

- ১। প্রধান প্রকৌশলী/উপ-মহাপরিচালক, বার্তা, বাংলাদেশ বেতার (সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
- ২। সি.এস.এর প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, সদর দপ্তর ঢাকা (দপ্তর আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ জানানো হলো)।
- ৩। আঞ্চলিক পরিচালক/আঞ্চলিক প্রকৌশলী, বাংলাদেশ বেতার রংপুর।
- ৪। আঞ্চলিক/উপ-বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার রংপুর।

অনুলিপি: অবগতিকল্পে-

মহাপরিচালকের একান্ত সহকারী, বাংলাদেশ বেতার সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতিকল্পে)।